মন্ত্রিপরিষদ বিভাগের আগস্ট ২০২১ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাস: **আগস্ট ২০২১** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: সেপ্টেম্বর ২০২১

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৭	২৭২	১৪৫
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	৯৮৬	১,১১২
মোট	২,৫১৫	১,২৫৮	১,২৫৭

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৩১	৩১	৪৪	৩৯	১৪৫
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৬৯	৩৩০	২৫৪	১৫৯	১,১১২*
মোট	-	-	৪০০	৩৬১	২৯৮	১৯৮	১,২৫৭

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	১	-	১	সহকারী প্রোগ্রামার (জাতীয় নিরাপত্তা সংক্রান্ত সেল)
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
–	-	-	-	-	-

খ.প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/ সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিট জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৯টি	০.২৩	-	-	৯টি	৯টি অডিট আপত্তির মধ্যে ৭টি অডিট আপত্তি সংক্রান্ত ১টি মামলা রয়েছে (মামলা নং-৭/২০০০) যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	৪টি	৬৮৬.৭৭	৪	-	৪টি	-
মোট	১৩টি	৬৮৭	৪	-	১৩টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
			চাকরিচ্যুত/ বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১১	-	-	-	-	১১	-
মোট	১১	-	-	-	-	১১	-

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	পিপিআর (ভার্চুয়াল)	২৪/০৭/২০২১ থেকে ০৯/০৮/২০২১	দুর্নীতি দমন কমিশন	৭৯ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের ২০২০-২১ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) চলমান রয়েছে।

গ.প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ.মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ.প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: কোন কর্মকর্তা বিদেশ ভ্রমণ করেননি।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নেই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভা-বৈঠক দুইটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিসভা-বৈঠকে ১৪টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ৮টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে ৯টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) ১৫ আগস্ট ২০২১ তারিখে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে সারাদেশে উদ্‌যাপন করা হয়েছে।

(৩) 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (চেয়ারম্যান ও সদস্য) বেতন-ভাতা, পদমর্যাদা, জ্যেষ্ঠতা ও চাকরির অন্যান্য শর্তাদি বিধিমালা ২০২০'-এর পর্যালোচনা করে মন্ত্রিপরিষদ বিভাগের মতামত সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর নিকট প্রেরণ করা হয়।

(৪) Rules of Business, 1996-এর 3(iv) ও 4(v) অনুসরণপূর্বক মন্ত্রণালয়ের কার্যাদি নিষ্পত্তির জন্য সচিব, বাণিজ্য মন্ত্রণালয়কে অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়।

(৫) জাতীয় পরিচয় নিবন্ধন সংক্রান্ত কার্যক্রম সুরক্ষা সেবা বিভাগে ন্যস্ত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম (আইন/বিধি প্রণয়ন বা সংশোধন) গ্রহণ এবং এতদ্‌সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সচিব, সুরক্ষা বিভাগকে অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়।

(৬) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রাক্তন একান্ত সচিব ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক মুখ্যসচিব বীর মুক্তিযোদ্ধা ড. সৈয়দ আব্দুস সামাদ- এর মৃত্যুতে মন্ত্রিসভা কর্তৃক গৃহীত শোকপ্রস্তাব সংক্রান্ত প্রজ্ঞাপন ১২ আগস্ট ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৭) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে (ক) ৮টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। (খ) জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর থেকে প্রেরিত তদন্ত প্রতিবেদনের আলোকে ২ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। (গ) মন্ত্রিপরিষদ বিভাগে সরাসরি দাখিলকৃত ১টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে।

(৮) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জুলাই দ্বিতীয় ও আগস্ট প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(৯) চট্টগ্রামের মীরসরাই উপজেলায় পানির সংকট এবং বিএসআরএম কর্তৃপক্ষের দায়দায়িত্ব সংক্রান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১০) 'আমার বাড়ি, আমার প্রকল্প'-এর বিলুপ্তি ঘোষণার পরিপ্রেক্ষিতে পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমের সঙ্গে মাঠ প্রশাসনের সম্পৃক্ততার বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১১) বাল্যবিবাহ নিরোধ বিধিমালা, ২০১৮ অনুযায়ী মাঠ পর্যায় কমিটির দায়িত্ব পালনে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) জাতীয় শোক দিবস, ২০২১ উপলক্ষ্যে দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) বিশ্ব পর্যটন দিবস, জাতীয় মৎস্য সপ্তাহ ও বিশ্ব খাদ্য দিবস স্বাস্থ্যবিধি মেনে উদ্‌যাপনের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) আগস্ট ২০২১ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভা ২২ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।

(১৫) করোনার বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধের আরোপ ও এর সময়সীমা বৃদ্ধি ও শিথিল সংক্রান্ত পরিপত্র জারি করা হয়েছে।

(১৬) করোনার বিস্তার রোধকল্পে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাপতিত্বে ৩ আগস্ট ২০২১ তারিখে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে সভা আয়োজন করা হয়েছে।

(১৭) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী আগস্ট ২০২১ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ১৬ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করা হয়েছে। ১৬ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। উক্ত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(১৮) বিভিন্ন আইনে ১৭ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়েছে।

(১৯) ৫ বিভাগীয় কমিশনার এবং ১১ জন জেলা প্রশাসককে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত সভায় যোগদানের জন্য কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়েছে।

(২০) ই-নামজারি বিষয়ক প্রশিক্ষণে জুম এ্যাপের মাধ্যমে অংশগ্রহণের জন্য সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) ডিজিটাল নিরাপত্তায় মেয়েদের সচেতনতা বিষয়ক ওয়েবিনার-এ ঢাকা বিভাগের সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের অনলাইন প্ল্যাটফর্মে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হয়েছে।

(২২) জেলা প্রশাসকগণ কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর আওতায় সম্পাদিত কাজের মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) 'মেঘনা-ফুলনদীর বুকে কারখানা' শীর্ষক দৈনিক দেশ রূপান্তর পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২৪) জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২৫) জেলা ম্যাজিস্ট্রেট-এর আওতাধীন আদালতসমূহ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পরিচালনা করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২৬) ৯ আগস্ট ২০২১ তারিখে কোভিড-১৯ ভ্যাকসিন উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ সংক্রান্ত পত্র সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।

(২৭) ১৯৯৫ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, সারসংক্ষেপ এবং বিজ্ঞপ্তিসমূহের মোট ১১ খণ্ড রেকর্ড স্থায়ীভাবে সংরক্ষণের জন্য ২৫ আগস্ট ২০২১ তারিখে পরিচালক, আরকাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তরের নিকট হস্তান্তর করা হয়েছে।

(২৮) সমরপুস্তকের ৫১ জন অভিরক্ষকের নিকট থেকে প্রাপ্ত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হচ্ছে।

(২৯) বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবিলায় মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন মুদ্রণ করা হয়েছে। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়সহ সকল মন্ত্রণালয়/বিভাগে প্রতিবেদনটি প্রেরণ করা হয়েছে। বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকদের নিকট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

গ.আগামী (সেপ্টেম্বর-অক্টোবর) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; সচিব-সভা এবং জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৯৭তম সভা অনুষ্ঠান।

(২) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি নিকার-এর ১১৮তম সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটি'র সভা অনুষ্ঠান।

(৪) মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে প্রস্তাব পর্যালোচনা ও বাস্তবায়নে আইনগত পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত কমিটির সভা।

(৫) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

স্বাক্ষরিত/-

(চৌধুরী মোয়াজ্জম আহমদ)

উপসচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd